



বর্ষে সুপারিশ আবেদন

## কুদরাত-ই-খুদা শিক্ষা কমিশন এখন মৃত

শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক : শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বলেছেন, আমাদের প্রচলিত শিক্ষা ব্যবস্থায় তিনটি ধারা বিদ্যমান। ফলে একজন শিক্ষার্থী নিজেকে ভবিষ্যতের জন্য উপযোগী করে গড়ে তুলতে পারছে না। মন্ত্রী একটি সমন্বিত শিক্ষা ব্যবস্থা এবং যুগোপযোগী শিক্ষানীতি ঘোষণার সংকল্প ব্যক্ত করেন।

বাংলাদেশ আদর্শ শিক্ষক পরিষদের কেন্দ্রীয় প্রতিনিধি সম্মেলনে প্রধান অতিথির বক্তৃতায় গতকাল রোববার তিনি একথা বলেন। জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জামাতে ইসলামীর সেক্রেটারি জেনারেল এবং সমাজকল্যাণমন্ত্রী আলী আহসান মোহাম্মদ মুজাহিদ। পরিষদের সভাপতি ড. মুহাম্মদ লোকমানের সভাপতিত্বে বক্তৃতা করেন ড. মুহাম্মদ ইউনুস, ড. আবু বকর রফিক আহমদ, অধ্যক্ষ এম শরীফুল ইসলাম, আবদুর রব, মুজিবুর রহমান, আলী আকবর প্রমুখ।

শিক্ষামন্ত্রী বক্তৃতায় বলেন, কুদরাত-ই-খুদা শিক্ষা কমিশনের রিপোর্ট বাড়িল করার কোন প্রয়োজন নেই। ওটা এখন মৃত। ওই কমিশনের সুপারিশ গত দু' যুগেও বাস্তবায়িত হয়নি।

সম্মেলনের দ্বিতীয় অধিবেশনে প্রধান অতিথি ছিলেন জামাতে ইসলামীর সাবেক আমির গোলাম আজম।